

া সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬৫০৪

৪৮/ তাকদীর (كتاب القدر)

পরিচ্ছেদঃ ২. আদম (আঃ) ও মুসা (আঃ) এর বিতর্ক

باب حِجَاجِ آدَمَ وَمُوسَى عَلَيْهِمَا السَّلاَمُ

আরবী

حَدَّتَنِي زُهَيْرُ بْنُ حَرْبٍ وَابْنُ، حَاتِمٍ قَالاَ حَدَّتَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ، حَدَّتَنَا أَبِي، عَنِ ابْنِ شِهَاب، عَنْ حُمَيْدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم "احْتَجَّ آدَمُ وَمُوسَى فَقَالَ لَهُ مُوسَى أَنْتَ آدَمُ الَّذِي أَخْرَجَتْكَ خَطِيئَتُكَ مِنَ الْجَنَّةِ فَقَالَ لَهُ آدَمُ أَنْتَ مُوسَى الَّذِي اصْطَفَاكَ اللَّهُ بِرِسَالَتِهِ وَبِكَلاَمِهِ ثُمَّ تَلُومُنِي عَلَى أَمْرٍ قَدْ قُدِّرَ عَلَى قَبْلَ أَنْ أُخْلَقَ فَحَجَّ آدَمُ مُوسَى ".

বাংলা

৬৫০৪। যুহায়র ইবনু হারব ও ইবনু হাতিম (রহঃ) ... আবৃ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আদম (আলাইহিস সালাম) ও মূসা (আলাইহিস সালাম) বিতর্কে লিপ্ত হলেন। তখন মূসা (আলাইহিস সালাম) তাকে বলেছেন, আপনি তো সেই আদম (আলাইহিস সালাম) যাকে তাঁর হুল জান্নাত থেকে বহিস্কৃত করেছে। তখন আদম (আলাইহিস সালাম) তাকে বললেন, তুমি তো সেই মূসা আল্লাহ তা'আলা যাকে তার রিসালাত ও কালামের জন্য মনোনীত করেছেন। এরপরও তুমি আমাকে ভৎসনা করছো, এমন একটি বিষয়ের কারণে, যা আমার সৃষ্টির পুর্বেই আমার উপর নির্ধারিত হয়েছিল। ফলে আদম (আলাইহিস সালাম) মূসা (আলাইহিস সালাম) এর উপর বিজয়ী হলেন।

English

Abu Huraira reported Allah's Messenger (ﷺ) as saying:

There was an argument between Adam and Moses. Moses said: Are you that Adam whose lapse caused you to get out of Paradise? Adam said to him: Are you that Moses whom Allah selected for His Messengership, for His conversation and you blame me for an affair which had been ordained for me before I was created? This is how Adam came the better of Moses.



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন